প্রথম আলো

তারিখ · · · 24 · SE
পৃষ্ঠা · · · ২ · · · কলাম · ·

# সারা রাত বাসে কাটিয়ে সারা দিন পরীক্ষা!

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ও বিকেলে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা। তাই আগের রাতে ৩০-৩৫ জন শিক্ষার্থী একটি বাস নিয়ে খুলনা থেকে ঢাকার উদ্দেশে রওনা দিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মল চত্বরের সামনে বাসটি পৌঁছাল রাত দেড়টায়। ছেলেরা কয়েকটি হলে পরিচিতজনদের কক্ষে চলে গেলেন। কিন্তু প্রায় ২০ জন ছাত্রী বাধ্য হলেন বাসেই ঘুমাতে। পরদিন পরীক্ষাও দিলেন।

গতকাল শুক্রবার সকাল ১০টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের খ ইউনিটের ভর্তি পরীক্ষা ছিল। বেলা তিনটায় ছিল জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের। পরীক্ষা দিতে এসে থাকার জায়গা না পেয়ে এমন বিপাকে পড়েছিলেন ছাত্রীরা। এ ছাড়া আরও অনেকে সারা রাত ভ্রমণ করে সকালে পরীক্ষায় অংশ নিয়েছেন।

ভুক্তভোগী একাধিক ছাত্রী জানান, তাঁরা খুলনার ইউনিএইড কোচিংয়ে বিশ্ববিদ্যালয়ে ভর্তির কোচিং করেছেন। সেখান থেকেই তাঁদের একসঙ্গে নিয়ে আসা হয়। কোচিং থেকে বলা হয়েছিল, তাঁরা ছাত্রীদের হলে থাকতে পারবেন। কিন্তু গভীর রাতে পৌঁছানোয় কোনো ছাত্রী হল খোলা না পাওয়ায় তাঁদের বাসেই ঘুমাতে হয়েছে।

তবে ইউনিএইডের খুলনা শাখার পরিচালক সাইফুল ইসলাম *প্রথম আলোর* কাছে দাবি করেন, তাঁদের পৌঁছানোর কথা ভোরে। ফেরিঘাটের সময়টুকু হাতে রাখা হয়েছিল। কিন্তু তাঁরা দ্রুত ফেরি পার হয়ে যাওয়ায় এই বিপাকে পড়তে হয়।

বৃহস্পতিবার রাতে মল চত্বরে গিয়ে দেখা যায়, সেখানে পাঁচটি বাস দাঁড়িয়ে আছে। এর একটিতে ছাত্রীরা কেউ ঘুমাচ্ছেন, কেউ পড়ছেন। বাসের দায়িত্বে থাকা এক ব্যক্তি জানান, তাঁরা পৌঁছানোর পর ছেলেদের থাকার ব্যবস্থা হয়েছে। কিন্তু মেয়েদের ব্যাপারে কিছু করা যায়নি। ছাত্রীরা একটি ছেলেদের হলের অতিথিকক্ষের বাথরুমে গিয়ে হাত-মুখ ধুয়ে এসেছেন। রাতের খাওয়াদাওয়া করেছেন ফেরিতে।

গতকাল এক ছাত্রী নাম প্রকাশ না করার শর্তে মুঠোফোনে *প্রথম আলোকে* বলেন, তাঁর পরীক্ষা বেশি ভালো হয়নি। তাঁকে কোচিং থেকে বলা হয়েছিল, রাতে থাকার ব্যবস্থা করা হবে। তাই তাঁদের সঙ্গে এসেছিলেন। সন্ধ্যার মধ্যেই রওনা হওয়ার কথা। কিন্তু তা তো হয়নি, উল্টো মাঝরাতে এসে ভোগান্তিতে পড়তে হয়েছে। ছেলেদের হলে গিয়ে ফ্রেশ হতে হয়েছে।